

# যৌনবাহিত সংক্রমণ

- অনেক সময় প্রাথমিক অবস্থায় এসব রোগের লক্ষণ দেখা নাও যেতে পারে তাই, নিজেকে ঝুকিপূর্ণ মনে হলে অর্ধাং একাধিক যৌনসঙ্গী থাকলে বা যৌনসঙ্গী বহুগামী হলে সেবাদানকারীর সাথে কথা বলুন ও তার পরামর্শ নিন।

আক্রান্ত হলে কি করতে হবে ?

যৌনরোগে আক্রান্ত হলে অবহেলা করা উচিত নয়, কারণ এর পরিণাম মারাত্মক হতে পারে। রোগের যে কোনো লক্ষণ দেখা দিলে-

- খুব ভাড়াতাড়ি সেবাদানকারীর সাথে যোগাযোগ করুন
- সেবাদানকারীর কাছে সব তথ্য খুলে বলুন
- যৌনসঙ্গীর একই সঙ্গে চিকিৎসা করুন
- পুরো মাত্রায় চিকিৎসা শেষ করুন, না হলে রোগটি পুরোপুরি ভাল হবে না এবং আবার দেখা দিতে পারে।

কোথায় সেবা পাওয়া যায় ?

পারিবারিক স্বাস্থ্য ক্লিনিক অথবা স্যাটেলাইট ক্লিনিকে যৌনবাহিত রোগের পরামর্শ ও চিকিৎসা পাওয়া যায়। এখানে সব ধরনের গোপনীয়তা রক্ষা করা হয়।

## যৌনবাহিত রোগ সংক্রান্ত পরামর্শ ও চিকিৎসা কোথায় পাবেন ভাবছেন ?

পারিবারিক স্বাস্থ্য ক্লিনিকে  
চলে আসুন।

আমাদের  
অডিঝ সেবাদানকারী  
আদাকে  
গুণগত সেবা দিতে প্রস্তুত।



যৌনবাহিত রোগ হলে  
অবহেলা না করে দ্রুত  
চিকিৎসা করুন



পারিবারিক স্বাস্থ্য ক্লিনিক



## যৌনবাহিত সংক্রমণ বা রোগ কি ?

যৌনমিলনের মাধ্যমে প্রজনন অঙ্গে যে সব সংক্রমণ বা রোগ হয় তাকে যৌনবাহিত সংক্রমণ বা রোগ বলে। যেমন- সিফিলিস, গনেৱীয়া, এইচআইভি, হারপিস ইত্যাদি।



মহি-প্রজননতন্ত্র



পুরুষ প্রজননতন্ত্র

## যৌনবাহিত রোগ কিভাবে ছড়ায় ?

- আক্রান্ত ব্যক্তির সাথে কল্পন ছাড়া যৌনমিলনের মাধ্যমে



- আক্রান্ত গর্ভবতী মা থেকে নবজাতকের
- আক্রান্ত ব্যক্তির রক্ত এহাশের মাধ্যমে



যৌনবাহিত রোগ হলে কি ধরনের সমস্যা হতে পারে ?

- অসময়ে প্রসব অথবা গর্ভপাত হতে পারে
- ডিহনালীতে গর্ভধারণ হতে পারে (এ অবস্থা খুবই বিপদজনক)
- আক্রান্ত মা মৃত সন্তান প্রসব করতে পারেন
- সন্তান ধারণের অক্ষমতা / বক্ষ্যাত্ হতে পারে
- পুরুষের মূর্দনালী সরু হয়ে যেতে পারে
- আক্রান্ত মারের নবজাতক শিশুর জন্মগত ত্রুটি ও অক্ষত হতে পারে
- জরায়ু মুখে ক্যান্সার হতে পারে
- এইচআইভি-এ আক্রান্ত হওয়ার সম্ভাবনা বেড়ে যেতে পারে।

যৌনবাহিত রোগ হলে কি ধরনের লক্ষণ দেখা যায় ?

### মহিলাদের-


- যৌনিপথে প্রচুর দুর্বলক্ষ্যকৃত স্ত্রীর যায়
- যৌনিপথে পুঁজি বা ঘন দই-এর মত স্ত্রীর যায়
- যৌনিপথে চুলকানি ও জ্বালাপোড়া হয়
- সহবাসের সময় ব্যাথা হয়
- তলপেটের দুই দিকে ব্যাথা করে
- যৌনাঙ্গে ঘা হয়
- কুচকির লসিকা ইষ্টি ফুলে যায় ও ব্যাথা হয়
- কোনো কোনো ক্ষেত্রে জ্বরও হয়।



মহিলাদের যৌনবাহিত রোগের লক্ষণ

### পুরুষদের-

- প্রস্তাবের রাজ্ঞি দিয়ে পুঁজি যায়
- ঘনঘন প্রস্তাব হয়
- প্রস্তাবে জ্বালাপোড়া এবং ব্যথা হয়
- যৌনাঙ্গে ঘা বা ক্ষত দেখা যায়
- অভক্তকোষে ব্যথা হয় ও ফুলে যায়
- কুচকির লসিকা ইষ্টি ফুলে যায় ও ব্যাথা হয়
- কোনো কোনো ক্ষেত্রে জ্বরও হয়।



পুরুষদের যৌনবাহিত রোগের লক্ষণ

### নবজাতকের-

- চোখের পাতা ফোলা থাকে
- চোখে পুঁজি জমে ও চোখের পাতা খুলতে পারেনা।

## যৌনবাহিত রোগ কিভাবে প্রতিরোধ করা যায় ?

যৌনবাহিত রোগ প্রতিরোধ করতে-

- একজন মাত্র বিশ্বস্ত সঙ্গীর সাথে যৌন সম্পর্ক রাখুন
- আক্রান্ত ব্যক্তির সাথে যৌনমিলন হলে সঠিকভাবে ও নিয়মিত কন্ডম ব্যবহার করুন
- রক্ত এহাশের প্রয়োজন হলে পরীক্ষা করে নিশ্চিত হন রক্তে যৌনবাহিত রোগের জীবাণু নেই